

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৭৭৯

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হাজীদের জন্য আকীক উপত্যকায় সালাত আদায় করা মুস্তাহাব হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذَكَرُ الْإِخْبَارُ عَمَّا يُسْتَحَبُّ لِلْحَاجِّ مِنَ الصَّلَاةِ فِي الْوَادِي الْعَقِيقِ

আরবী

3779 - أَخْبَرَنَا ابْنُ سَلَمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْوَلِيدُ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ حَدَّثَنِي عِكْرَمَةُ حَدَّثَنِي ابْنُ عَبَّاسٍ حَدَّثَنِي عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ - وَهُوَ بِالْعَقِيقِ -: (أَتَانِي آتٍ مِنْ رَبِّي فَقَالَ: صَلِّ فِي هَذَا الْوَادِي وَقَالَ: عُمْرَةٌ فِي حُجَّةٍ) الراوي : ابْنُ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3779 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1579): خ بلفظ: ((وقل: عمره في حجة)) ، وهو الأصح - ((التعليق الرغيب)) (2/147).

বাংলা

৩৭৭৯. উমার বিন খাত্তাব রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি আকীকে অবস্থানকালে বলেছেন, “আমার কাছে আমার প্রভুর পক্ষ থেকে একজন আগন্তুক এসেছিলেন অতঃপর তিনি আমাকে বলেছেন, “আপনি এই উপত্যকায় সালাত আদায় করুন।” তিনি আরো বলেছেন, “উমরাহ হজের মধ্যে শামিল হয়েছে।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ২৯৭৬; মুসনাদ আহমাদ: ১/২৪; হুমাঈদী: ১৯; সহীহুল বুখারী: ১৫৩৪; তাহাবী: ৩/১৪৬; সুনান বাইহাকী: ৫/১৪; বাগাবী: ১৮৮৩; আবুদাউদ: ১৮০০; সহীহ ইবনু খুযাইমাহ: ২৬১৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৪৬; তাহাবী: ২/১৪৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫৭৯)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93118>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন